"যুবদের জাগরণ, বাংলাদেশের উন্নয়ন"
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd.

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০১০.১১.- ৪৯৮ তারিখঃ ২১/১১ /২০১৭খ্রিঃ।

বিষয়ঃ চলতি বছরে সম্প্রসারিত ৫০টি উপজেলায় পরিবারভিত্তিক ঋণ কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্রঃ ৩৪.০১.০০০০.০২৮.০৬.০০২.১৫-৪৮৬, তারিখঃ ২৬/১০/২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের পরিবারভিত্তিক ঋণ কার্যক্রম চলমান ২৬০টি উপজেলার অতিরিক্ত চলতি বছরে আরো ৫০টি উপজেলায় সম্প্রসারণের সিদ্ধান্ত নেয়া হয়েছে। নির্বাচিত উপজেলাসমূহে এই ঋণ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে ঋণ তহবিল প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সম্প্রসারিত প্রতিটি উপজেলায় চলতি বছরে একটি করে কেন্দ্র গঠন করে উপকারভোগীদের প্রশিক্ষণ প্রদানের জন্য সহসা বাজেট প্রদান করা হবে। সম্প্রসারিত নতুন উপজেলা এবং পূর্বের উপজেলাগুলোতে কর্মসূচি সুষ্ঠু ও স্বচ্ছভাবে পরিচালনায় ক্ষুদ্রঋণ নির্দেশিকার প্রতিটি অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণীয়। নির্দেশিকায় বিস্তারিত বর্ণনা থাকা সত্ত্বেও সহজে সকলের দৃষ্টি আকর্ষনের জন্য ক্ষুদ্রঋণ নির্দেশিকার গুরুত্বপূর্ণ কিছু অনুচ্ছেদ নিম্নে উল্লেখ করা হলো, যা অবশ্যই প্রতিপালনীয়ঃ

১. **গ্রাম নির্বাচনঃ** কর্মসূচির সুবিধাভোগী বাছাইকল্পে গ্রাম নির্বাচন এ কর্মসূচি বাস্তবায়নের প্রথম কাজ। গ্রাম নির্বাচনকালে বিবেচনায় রাখতে হবে যে, নির্বাচিত গ্রামগুলো পৌরসভা হতে ন্যুনতম ৩ কি.মি. এবং গ্রোথ সেন্টার (হাট-বাজার) হতে ২ কি.মি. দূরে হতে হবে। গ্রাম নির্বাচনের লক্ষ্যে করণীয় নির্দেশিকার (অনুচ্ছেদ ৫.০ পৃষ্ঠা- ৩১)-এ বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে।

২. **পরিবার জরিপঃ** এ কর্মসূচির সুবিধাভোগী নির্বাচনের লক্ষ্যে নিবাচিত গ্রামে পরিবার জরিপ (নির্ধারিত ফরম ব্যবহার করে) ২য় কাজ এবং অত্যন্ত গ্ররুত্বপূর্ণ পদক্ষেপ। সুষ্ঠু ও যথাযথ পরিবার জরিপের মাধ্যমে সুবিধাভোগীদের সমন্বয়ে গ্রুপ গঠনের লক্ষ্যে পরিবার এবং পরিবারের সদস্যদের বাছাই করতে হবে। এ লক্ষ্যে পরিবার জরিপ ফরম ব্যবহার করে পরিবারের আর্থ-সামাজিক অবস্থা নিরূপণ করতে হবে এবং ফরমটি দফা অতিক্রমকালে ব্যবহারের জন্য যথাযথ সংরক্ষণ করতে হবে (অনুচ্ছেদ ৬.০ পৃষ্ঠা- ৩২) ।

৩. **পরিবার বাছাইঃ** জরিপকৃত পরিবারের মধ্যে যে সকল পরিবারের স্থাবর/অস্থাবর সম্পত্তির মূল্য ২.০০ লক্ষ টাকার কম, বার্ষিক গ্রস আয় ৫০,০০০/- এর কম এবং আবাদযোগ্য ভূমির পরিমান এক একরের কম সে সকল পরিবারকে বিবেচনায় নিয়ে সদস্য বাছাই করতে হবে (অনুচ্ছেদ ৭.৩ পৃষ্ঠা- ৩৩) ।

৪. সুবিধাভোগী/গ্রুপ সদস্যের যোগ্যতাঃ জরীপকৃত একই পরিবারের ১৮-৪৫ বছর বয়সী কর্মক্ষম বেকার যুবরা গ্রুপ সদস্য হতে পারবেন। শর্ত থাকে যে, ক) স্কুল-কলেজে গমনকারীগণ কোনভাবেই গ্রুপ সদস্য হবে না খ) সদস্যদের স্বাক্ষর জ্ঞান সম্পন্ন হতে হবে গ) এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে ঘ) স্কুল, কলেজ, মাদ্রাসার শিক্ষক বা অন্য কোন প্রতিষ্ঠানে চাকুরীতে নিয়োজিতগণকে কোনভাবেই গ্রুপ সদস্য হিসেবে নির্বাচিত করা যাবে না (অনুচ্ছেদ ৭.২ পৃষ্ঠা- ৩২) ।

৫. **সদস্য বাছাইঃ** টার্গেট গ্রুপ হিসেবে চিহ্নিত পরিবারের সদস্যদের নিয়ে কমপক্ষে ৩টি ঘরোয়া বৈঠকের মাধ্যমে কর্মসূচির লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে তাদেরকে অবহিতকরণসহ সচেতন করার মাধ্যমে যোগ্যতাসম্পন্ন সদস্যদের বাছাই করতে হবে (অনুচ্ছেদ ৬.৫ পৃষ্ঠা- ৩২) ।

৬. **গ্রুপ গঠন প্রক্রিয়াঃ** জরিপকৃত একই পরিবারের ৫জন অথবা কমপক্ষে ২জনসহ নিকট আত্মীয় বা প্রতিবেশিকে নিয়ে গ্রুপ গঠন করতে হবে। প্রতিটি গ্রুপে ১জন গ্রুপ প্রধান নির্বাচিত হবেন। গ্রুপ সদস্যগণ প্রত্যেকে প্রত্যেকের কর্মকান্ডসহ যাবতীয় লেনদেনের জন্য দায়বদ্ধ থাকবেন। গ্রুপ সদস্য হওয়ার জন্য প্রত্যেক সদস্যকে গ্রুপভিত্তিক কেন্দ্র প্রধানের মাধ্যমে যুব উন্নয়ন অধিদপ্তর বরাবর লিখিতভাবে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে (অনুচ্ছেদ ৮ এবং ৯.১-৯.৭ পৃষ্ঠা-৩৪)। এ আবেদন সংশ্লিষ্ট সিএস সরেজমিনে গমন করে সংগ্রহ করবেন।

৭. **কেন্দ্র গঠন প্রক্রিয়াঃ** উপরোক্ত প্রক্রিয়ায় ৭-১০টি গ্রুপ নিয়ে একটি কেন্দ্র গঠিত হবে, শুধু মহিলা সদস্য নিয়েও কেন্দ্র গঠন করা যাবে। কেন্দ্রকে পরবর্তী দফায় উন্নীত/চলমান রাখার জন্য কমপক্ষে ১৫জন এবং পার্বত্য ও হাওড় এলাকায় ১০জন সদস্য থাকতে হবে (অনুচ্ছেদ ১৪ পৃষ্ঠা- ৩৭) । সকল সদস্যের মতামতের ভিত্তিতে একজন কেন্দ্র প্রধান ও একজন কেন্দ্র সচিব নির্বাচন করতে হবে (অনুচ্ছেদ ১৫ পৃষ্ঠা- ৩৭) । গ্রুপ ও কেন্দ্র গঠনের পর সদস্যদের নিয়ে ৫দিনের জন্য ঋণ ব্যবহার পদ্ধতি এবং সামাজিক বিভিন্ন ইস্যুতে সচেতনতামুলক প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে (অনুচ্ছেদ ২০ পৃষ্ঠা- ৪০) । অতঃপর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা গ্রুপ ও কেন্দ্রের চুড়ান্ত স্বীকৃতি প্রদান করবেন (অনুচ্ছেদ ৯.৮ পৃষ্ঠা- ৩৪) ।

৮. **ঋণ বিতরণের প্রস্তুতিঃ**

ক. কেন্দ্র গঠন চুড়ান্ত হওয়ার পর প্রত্যেক সদস্য তিনি যে পেশায় আত্মকর্মী হতে চান সে মাফিক পেশা/স্কীম উল্লেখপূর্বক ঋণের জন্য আবেদন করবেন (নির্ধারিত ফরমে)। কেন্দ্র গঠনের দায়িত্বে নিয়োজিত সিএস প্রত্যেক ঋণ আবেদনের সত্যতা যাচাই করে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার নিকট দাখিল করবেন। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা তা সরেজমিনে যাচাই-বাছাই করে উপ-পরিচালকের কার্যালয়ে প্রেরণ করবেন। উপ-পরিচালক প্রাপ্ত প্রস্তাব পরীক্ষা-নিরীক্ষাপূর্বক (সরেজমিনে) অনুমোদন প্রদান করে অনুমোদিত ঋণ তালিকার এক কপি উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার নিকট এবং অপর কপি সার্ভিসিং ব্যাংকে প্রেরণ করবেন।

চলমান পাতা/২

খ. অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর অনুমোদিত ঋণের খতিয়ান অনুযায়ী মাস্টার রেজিস্টারে তথ্যাদি লিখবেন এবং মঞ্জুরকৃত ঋণের পরিমাণ অনুযায়ী প্রত্যেক ঋণীর জন্য এনডোর্স চেক প্রস্তুত করবেন (অনুচ্ছেদ ২৫.২ পৃষ্ঠা- ৪৪)। প্রতিটি চেকে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এবং অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর/ক্যাশিয়ার যৌথ স্বাক্ষর করবেন। সদস্যগণ ঋণের চেক গ্রহনের পূর্বেই ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে গ্রুপভিত্তিক ১টি করে চুক্তিনামা সম্পন্ন করবেন। চেক প্রদানের পূর্বে ৫% গ্রুপ সঞ্চয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে যা ফেরতযোগ্য। নির্ধারিত দিনে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কেন্দ্রে উপস্থিত হয়ে কেন্দ্র সভার মাধ্যমে সদস্যদের প্রত্যেকের হাতে যার যার চেক প্রদান করবেন। **উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও ক্রেডিটসুপারভাইজার নিশ্চিত হবেন যে, কোন অবস্থাতেই সকল সদস্যের চেক একত্রে গ্রুপ প্রধান, কেন্দ্র প্রধান/সচিবের হাতে যেন চলে না যায়।** অর্থাৎ যার যার চেক তাকেই প্রদান নিশ্চিত করা বাধ্যতামুলক।

৯. **কিস্তি আদায়ঃ** ঋণ প্রদানের ১৪দিন (২ সপ্তাহ) গ্রেসপিরিয়ড হিসাবে গণ্য হবে। পরবর্তীতে ২১তম দিন হতে প্রথম কিস্তি আদায়যোগ্য হবে। ঋণের আসল সমান ৫০টি সাপ্তাহিক কিস্তি ও পরবর্তীতে ২টি সাপ্তাহিক কিস্তিতে সার্ভিসচার্জ আদায় করতে হবে। প্রত্যেক সদস্যকে প্রতি সপ্তাহে কিস্তির সাথে ২০/- টাকা করে ব্যক্তিগত সঞ্চয় জমা প্রদান করতে হবে, যা ফেরতযোগ্য।

১০. **সার্ভিসচার্জঃ** সরলহারে আসলের ১০%।
সার্ভিসচার্জ নির্ণয়ের ফর্মূলাঃ সার্ভিসচার্জ = মুল ঋণ x (সার্ভিসচার্জের হার ১০%)
১০০ x ২

১১. এ কার্যক্রমের ফরম এবং রেজিস্টারের নমুনা জেলাধীন পাশ্ববর্তী উপজেলা (পূর্ব হতে যেখানে পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচি ঋণ কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে) থেকে সংগ্রহ করে তা প্রয়োজনমতে ছাপিয়ে নিতে হবে। এজন্য প্রতি উপজেলাকে আলাদাভাবে আর্থিক সমর্থন দেয়া হয়েছে।

১২. উপরোক্ত নির্দেশাবলী ও ক্ষুদ্রঋণ কার্যনির্দেশিকার বিস্তারিত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক অত্যন্ত দক্ষতার সাথে ২০১৭-১৮ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী জানুয়ারী ২০১৮ হতে জুন ২০১৮ এর মধ্যে কেন্দ্র গঠনপূর্বক ঋণ বিতরণ কার্যক্রম সম্পাদন করতে হবে।

১৩. যেহেতু এ কার্যক্রমে প্রতি সপ্তাহে কেন্দ্র সভা করার মাধ্যমে কিস্তি আদায়ের বিধান রয়েছে সেহেতু ঋণ গ্রহীতাদের সাথে নিবীড় যোগাযোগ থাকে বিধায় এ কর্মসূচিতে খেলাপী কোনভাবেই গ্রহণযোগ্য হবে না। কোথাও খেলাপী হলে এ দায় সংশ্লিষ্টগণকে ব্যক্তিগতভাবে বহন করতে হবে।

১৪. কেন্দ্র প্রধান, কেন্দ্রসচিব কোনভাবেই ঋণ আদান প্রদানে প্রত্যক্ষভাবে সংযুক্ত থাকবেন না অর্থাৎ তাদের কিস্তি আদায়ের দায়িত্ব দেয়া যাবে না, তবে তারা কেন্দ্র সভায় কিস্তি আদায়ে সি,এসকে সহায়তা প্রদান করবেন মাত্র।

১৫. কর্মসূচির অন্যতম লক্ষ্য হচ্ছে সুবিধাভোগীগণকে ক্ষুদ্র আত্মকর্মসংস্থান সৃজন/ক্ষুদ্র উদ্যোক্তায় উপনীত করা; কাজেই এ লক্ষ্য যথাযথ অর্জনে সংশ্লিষ্টগণকে ব্যক্তিগতভাবে তদারকি নিশ্চিত করতে হবে যা বিশেষ গুরুত্বপূর্ণ।

(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন-৯৫৫৯৩৮৯।

প্রাপক,
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,
যুব উন্নয়ন অধিদপ্তর
.......................(৫০টি) উপজেলা .... জেলা।

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০১০.১১.- ৪৭৮ তারিখঃ ২২/ ১১ /২০১৭খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। উপ-সচিব(যুব-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ... জেলাকে কর্মসূচি যথাযথ বাস্তবায়নে তদারকি নিশ্চিত করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
৩। সহকারী পরিচালক, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৫। অফিস নথি।

(মোঃ শাহীনূর রহমান)
সহকারী পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)
ফোন-৯৫১৫০১৯
Email-addydpe@gmail.com